

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইটঃ [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)  
ই-মেইলঃ [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)


স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.১৫-০৩৬

তারিখঃ ২০/১০/২০১৬ খ্রিঃ।

২য় কারণ দর্শানোর নোটিশ

আপনি জনাব মোঃ খাইরুল বাশার, জুনিয়র ইন্সট্রাক্টর (পাওয়ার), কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট গত ২২/০৯/২০১৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট এর স্মারক নং-৬৪৯/৪ তারিখঃ ২০/১২/২০১৫ খ্রিঃ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ আপনার বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়েছিল। কিন্তু আপনি এখনও পর্যন্ত উক্ত পত্রের জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং কোন প্রকার যোগাযোগ রক্ষা করেন নাই। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.১৫-৪১৪, তারিখঃ ০৭/০৮/২০১৬ খ্রিঃ মোতাবেক রেজিষ্ট্রি এডিসহ ডাকযোগে আপনাকে ১ কারণ দর্শানোর নোটিশ দেওয়া হলে প্রেরিত চিঠি “মালিক বাসায় না থাকায় ফেরৎ” এই মন্তব্য সহ ফেরৎ আসে।

আপনার এরূপ কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর সামিল। সে জন্য কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর (৩)বি ও (৩) সি ধারামতে যথাক্রমে অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করা হবে না তা এই পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সন্তোষজনক ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে আপনি ব্যক্তিগত গুনানী চান কিনা তা জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

  
(মোঃ অহিদুল ইসলাম)  
যুগ্মসচিব  
ও  
পরিচালক (প্রশাসন)

প্রাপকঃ

জনাব মোঃ খাইরুল বাশার  
জুনিয়র ইন্সট্রাক্টর (পাওয়ার)  
কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট।

স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ খাইরুল বাশার  
পিতাঃ মোঃ আবদুল্লাহ আল বাকী  
গ্রামঃ বালিয়াঘাট  
ডাকঃ হাড়াভাঙ্গা  
উপজেলাঃ গাংনী, জেলাঃ মেহেরপুর।

অনুলিপিঃ-

- ১। অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।  
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সংরক্ষণ নথি।